



নতুন খবর তৈরিক

# আমাদের সময়

আমাদের সময় , ০৫-১২-২০২৩, পৃ.১১, ই-পেপার



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় নতুন উপ-উপাচার্য হলেন অধ্যাপক ড. আশিক মোসাদ্দিক

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নতুন উপ-উপাচার্য (প্রো-ভিসি) হলেন অধ্যাপক ড. আশিক মোসাদ্দিক। গতকাল সোমবার তিনি এ পদে যোগ দেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুসারে চার বছরের জন্য আশিক মোসাদ্দিককে ইস্ট ওয়েস্টের উপ-উপাচার্য পদে নিয়োগ দেন।

ড. আশিক মোসাদ্দিক এর আগে বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য পদে দায়িত্ব পালন করেছেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ফার্মেসি বিভাগের প্রথম ব্যাচের শিক্ষার্থী ছিলেন। ১৯৯৩ সালে বি. ফার্ম এবং ১৯৯৪ সালে এম. ফার্ম ডিগ্রি অর্জন করেন। এরপর ১৯৯৮ সালে রাবির ফার্মেসি বিভাগে প্রভাষক হিসেবে যোগ দেন। তিনি অস্ট্রেলিয়ার সাউদার্ন ক্রস ইউনিভার্সিটি থেকে ২০০৬ সালে পিএইচডি অর্জন করেন। পরে ২০০৮ থেকে ২০১০ পর্যন্ত তিনি দক্ষিণ কোরিয়ায় পোস্ট ডক্টোরাল গবেষণা সম্পন্ন করেন। এর মাঝে ড. আশিক ২০১১- ২০১২ সালে ব্র্যাক ইউনিভার্সিটির ফার্মেসি বিভাগের চেয়ারম্যান এবং ২০১৭ সালের থেকে ২০১৯ সালে সৌদির দাখাম বিশ্ববিদ্যালয়ের ক্লিনিকাল ফার্মেসি বিভাগে রিসার্চ প্রফেসর হিসেবে দায়িত্ব পালন করেন।

২০১১ সালে তিনি 'উন্নয়নশীল দেশ ও বাংলাদেশ বিজ্ঞান একাডেমি' থেকে গবেষণায় অবদানের জন্য 'ইয়াং সায়েন্টিস্ট গোল্ড মেডেল' অর্জন করেন। 'ন্যাচারাল প্রডাক্ট' ও 'ন্যানো মেডিসিন' বিশেষজ্ঞ হিসেবে তার ইতোমধ্যেই ১৫০টির বেশি গবেষণা প্রবন্ধ আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। 'এলসিভার সায়েন্স' ও 'একাডেমিক প্রেস' তার তিনটি বই প্রকাশ করেছে। তিনি ২০২০-২০২৩ সাল পর্যন্ত চারবার স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় এবং এলসিভার সায়েন্সের জরিপ অনুসারে বিশ্বের শীর্ষস্থানীয় ২ শতাংশ বিজ্ঞানীর একজন হিসেবে স্বীকৃতি লাভ করেন। এ ছাড়াও তিনি বাংলাদেশ এক্সেজিটেশন কাউন্সিলে ফার্মেসি বিষয়ক কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।